# খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

"চেম্বার ম্যানসন"
৫, কে ডি এ বাণিজ্যিক এলাকা, যশোর রোড, খুলনা।
www.khulnachamberbd.com

স্মারক: দ্বি-বার্ষিক নির্বাচন-২০২৬/২০২৫-২৬/৩৪০ তারিখ ২০.০৫.২০২৬ খ্রিঃ

## নির্বাচনী তফসিল

বাণিজ্য সংগঠন আইন ২০২২ এর ১৭ ও ১৮ ধারা এবং বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর বিধি ২০ দফায় প্রদত্ত ক্ষমতাবলে ২২ আগস্ট ২০২৬ তারিখ রোজ শনিবার খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর পরিচালনা পরিষদের দ্বি-বার্ষিক (২০২৬-২৭ ও ২০২৭-২৮) নির্বাচনের জন্য খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর ভোটারগণকে নির্বাচন বোর্ড কর্তৃক আহ্বান জানানো যাচ্ছে। নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করা হলো:

| বিষয় | তারিখ | সময়/বার |
|---|---|---|
| প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখ | ৩০ জুন ২০২৬ | বিকাল ৫ ঘটিকা |
| প্রাথমিক ভোটার তালিকার উপর আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিলের তারিখ | ১-৩ জুলাই ২০২৬ | সকাল ১০ টা-বিকাল ৪ টা |
| প্রাথমিক ভোটার তালিকার আপিল নিষ্পত্তির তারিখ | ৬ জুলাই ২০২৬ | বিকাল ৪ ঘটিকা |
| চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ | ৭ জুলাই ২০২৬ | বিকাল ৪ ঘটিকা |
| মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের তারিখ | ৮-১৪ জুলাই ২০২৬ | সকাল ১০ টা-বিকাল ৪ টা |
| মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ ও সময় | ১৫ জুলাই ২০২৬ | সকাল ১১ ঘটিকা |
| বৈধভাবে মনোনীত প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশের তারিখ | ২১ জুলাই ২০২৬ | বিকাল ৪ ঘটিকা |
| মনোনয়নপত্র বাতিল সম্পর্কে আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিলের তারিখ | ২২-২৪ জুলাই ২০২৬ | সকাল ১০ টা-বিকাল ৪ টা |
| আপিল নিষ্পত্তির তারিখ | ২৭ জুলাই ২০২৬ | বিকাল ৪ ঘটিকা |
| বৈধ মনোনীত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ | ২৭ জুলাই ২০২৬ | বিকাল ৫ ঘটিকা |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ২৮-৩০ জুলাই ২০২৬ | সকাল ১০ টা-বিকাল ৪ টা |
| প্রার্থিতা প্রত্যাহারের পর পুনরায় চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের তারিখ | ৩০ জুলাই ২০২৬ | বিকাল ৫ ঘটিকা |
| নির্বাচন অনুষ্ঠান, ভোট গণনা ও ফলাফল প্রকাশের তারিখ | ২২ আগস্ট ২০২৬ | সকাল ৮টা - বিকাল ৪টা |
| নির্বাচনের ফলাফলের বিরুদ্ধে আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিলের তারিখ | ২৩-২৫ আগস্ট ২০২৬ | সকাল ১০ টা-বিকাল ৪ টা |
| আপিল নিষ্পত্তির তারিখ | ২৫-২৭ আগস্ট ২০২৬ | বিকাল ৪ ঘটিকা |

আগামী ২২ আগস্ট ২০২৬ শনিবার খুলনা কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ, খুলনা সদর, খুলনায় সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।

**মোঃ শাহীনুজ্জামান**
পরিচালক (উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, খুলনা
ও
চেয়ারম্যান, নির্বাচন বোর্ড
খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর দ্বি-বার্ষিক নির্বাচন

## দ্বি-বার্ষিক নির্বাচন সংক্রান্ত নির্দেশনাবলী

(বাণিজ্য সংগঠন আইন ২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫, খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির গঠনতন্ত্র ও বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে প্রণীত)

১. খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির পরিচালনা পরিষদের দ্বি-বার্ষিক নির্বাচন উপলক্ষ্যে আগামী ২২-৮-২০২৬ তারিখ শনিবার খুলনা কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ, খুলনা সদর, খুলনায় সকাল ৮-০০ টা থেকে বিকাল ৪-০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।

২. পরিচালনা পরিষদ নির্বাচন নিম্নোক্ত শূন্যপদের জন্য অনুষ্ঠিত হইবে ঃ

| ক্রমিক নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|
| ক) | সভাপতি | ০১টি |
| খ) | উর্দ্ধতন সহ-সভাপতি | ০১টি |
| গ) | সহ-সভাপতি | ০২টি |
| ঘ) | পরিচালক (সাধারণ সদস্য শ্রেণী) | ১৫ টি |
| ঙ) | পরিচালক (সহযোগী সদস্য শ্রেণী) | ০৬ টি |
| চ) | পরিচালক (বাণিজ্যিক দল) | ০৩ টি |
| | মোট - | ২৮ টি |

বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং ২৬.০০.০০০০.০০০.১৫৬.৩২.০০১০.৯৯.২৬২ তারিখ ১৫-১০-২০২৫ এর মাধ্যমে প্রেরিত নির্দেশনা ও খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র গঠনতন্ত্রের বিধি মোতাবেক সাধারণ সদস্য শ্রেণী থেকে ১৫ জন, সহযোগী সদস্য শ্রেণী থেকে ০৬ জন এবং বাণিজ্যিক দল থেকে ০৩জন সহ মোট ২৪ জন পরিচালক নিজ নিজ শ্রেণীর সদস্যদের ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন। সভাপতি ০১ জন, উর্দ্ধতন সহ সভাপতি ০১ জন ও সহ-সভাপতি ০২ জন এই ০৪টি পদ সকল শ্রেণীর সদস্যদের ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে নির্বাচিত হইবে। ২৪ জন পরিচালকসহ সভাপতি, উর্দ্ধতন সহ সভাপতি ও সহ সভাপতির অতিরিক্ত ০৪টি পদসহ মোট ২৮ জনের পরিচালনা পরিষদ গঠিত হইবে।

৩. যে সব প্রতিষ্ঠান/সংগঠন ২৩-০৪-২০২৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪-০০ টার পূর্বে খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নতুন সদস্যভুক্ত হইয়াছেন, তাহারা নির্বাচনে অংশগ্রহণ করিতে পারবেন।

৪. পুরাতন সদস্যদের ক্ষেত্রে উপরোল্লিখিত নির্বাচনে বৈধ ভোটদাতা হিসেবে পরিগণিত হওয়ার জন্য সমিতির হালনাগাদ বার্ষিক চাঁদা পরিশোধের শেষ সময় আগামী ২২-০৬-২০২৬ তারিখ সোমবার বিকাল ৪-০০ টা পর্যন্ত।

ক) সদস্যপদ নবায়নের জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর রিটার্ন সার্টিফিকেট বা ক্ষেত্রমত আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র, (প্রয়োজনে ব্যাংক হিসাব বিবরণী) ও ২কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে জমা দিতে হইবে।

খ) এক ব্যক্তির মালিকানাধীন একাধিক কোম্পানীর টিআইএন সমৃদ্ধ প্রতিষ্ঠান থাকিলে তিনি সকল প্রতিষ্ঠানের জন্য ভোটাধিকার প্রাপ্য হইবেন এবং উক্ত ভোট কোনক্রমেই হস্তান্তরযোগ্য হইবে না। তবে শর্ত থাকে যে এরূপ ভোটাধিকার প্রাপ্ত ব্যক্তি নির্বাচনে একাধিক পদে প্রার্থী হইতে পারিবেন না।

গ) একাধিক ব্যক্তির মালিকানাধীন একটি প্রতিষ্ঠান থাকিলে মালিকগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে যে কোন একজন মালিককে ভোট প্রদানের জন্য লিখিতভাবে মনোনয়ন প্রদান করা যাইবে, তবে উক্ত প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা বা কর্মচারী ভোটার হইতে পারিবে না এবং উক্তরূপ বিধান একাধিক ব্যক্তির মালিকানাধীন একাধিক টিআইএন সমৃদ্ধ প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ঘ) বিভিন্ন সদস্য শ্রেণীতে প্রতিনিধিত্ব করিতেছেন (একই টিআইএন দ্বারা) এমন একজন ব্যক্তি কেবলমাত্র একটি বিশেষ শ্রেণীর জন্য ভোট প্রদানের অনুমতি পাইবেন। বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত কোন প্রার্থীও অন্য শ্রেণীতে (ভিন্ন ভিন্ন টিআইএন দ্বারা) ভোটার থাকিলে সে ক্ষেত্রে ভোট প্রয়োগ করিতে পারিবেন।

ঙ) একই টিআইএন দ্বারা পরিচালিত একাধিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের নামে ভোটার আইডি কার্ড ইস্যু করা হইবে তা প্রতিষ্ঠানের নিজ প্যাডে লিখিতভাবে সমিতির কার্যালয়ে জানানোর শেষ সময় আগামী ২২-০৬-২০২৬ তারিখ সোমবার বিকাল ৪-০০ টা পর্যন্ত।

বিঃদ্রঃ নির্দিষ্ট সময়সীমার মধ্যে (৩১ আগস্ট, ২০২৫ পর্যন্ত) চাঁদা পরিশোধ না হইলে সদস্যদেরকে বকেয়া চাঁদার সঙ্গে সমপরিমাণ বিলম্ব ফি জরিমানা হিসেবে প্রদান করিতে হইবে।

৫. "আমমোক্তারনামা প্রদানের মাধ্যমে ভোটার মনোনয়ন প্রদান করা যাইবে না।" এ প্রেক্ষিতে এ সমিতির সদস্য প্রতিষ্ঠানের মালিক বা স্বত্বাধিকারী পরিবর্তনের (যদি থাকে) শেষ সময় আগামী ২২-০৬-২০২৬ তারিখ সোমবার বিকাল ৪-০০ টা পর্যন্ত। মালিক বা স্বত্বাধিকারী পরিবর্তন করিতে হইলে প্রয়োজনীয় আইনগত কাগজপত্র ও ছবিসহ প্রতিষ্ঠানের নিজ প্যাডে লিখিতভাবে সমিতির কার্যালয়ে নির্বাচন বোর্ডকে জানাইতে হইবে।

৬. উপর্যুক্ত নির্বাচনের জন্য প্রতিনিধিদের নাম সম্বলিত প্রাথমিক ভোটার তালিকা আগামী ৩০-৬-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৫:০০টার মধ্যে সমিতির নোটিশ বোর্ডে ঝুলানো হইবে।

৭. প্রাথমিক ভোটার তালিকায় কোন নাম অন্তর্ভূক্তি বা বাতিলের বিষয়ে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তি বা সংগঠন আগামী ০১-৭-২০২৬ তারিখ বুধবার থেকে ০৩-৭-২০২৬ তারিখ শুক্রবার সকাল ১০:০০টা হতে বিকাল ৪-০০ টার মধ্যে সমিতির কার্যালয়ে আপীল বোর্ডের কাছে নিজ প্রতিষ্ঠানের প্যাডে লিখিতভাবে আপীল করিতে পারিবেন।

৮. প্রাথমিক ভোটার তালিকা সম্পর্কে যদি কোন অভিযোগ থাকে, তবে সে ব্যাপারে নির্বাচন আপীল বোর্ড আগামী ০৬-৭-২০২৬ তারিখ সোমবার বিকাল ৪-০০ টার মধ্যে এই সমিতির কার্যালয়ে শুনানী অনুষ্ঠান সম্পন্ন করিবেন।

৯. অনুমোদিত সদস্যদের নামসহ চূড়ান্ত ভোটার তালিকা নির্বাচন বোর্ড কর্তৃক আগামী ০৭-৭-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৪-০০ টার মধ্যে প্রকাশ করা এবং ওয়েবসাইটে আপলোডসহ সমিতির নোটিশ বোর্ডে ঝুলানো হইবে।

১০. এই সমিতির পরিচালনা পরিষদের নির্বাচনের জন্য রেজিস্ট্রেশন ও মনোনয়নপত্র সমিতির কার্যালয়ে নির্বাচন বোর্ডের কাছে দাখিলের শেষ সময় আগামী ১৪-৭-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৪-০০ টা পর্যন্ত। রেজিস্ট্রেশন ফরম ও মনোনয়নপত্র সমিতির কার্যালয়ে পাওয়া যাইবে। প্রার্থীর লিখিত সম্মতি বহন করে না অথবা প্রার্থীর শ্রেণীভুক্ত একজন সদস্য দ্বারা প্রস্তাবিত এবং একজন সদস্য দ্বারা সমর্থিত হয়নি এমন মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হইবে না। রেজিস্ট্রেশন ফরম ও মনোনয়নপত্রের নির্দেশাবলী প্রযোজ্য হইবে।

বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর বিধি ২৩(৩) : নির্বাচনে আগ্রহী প্রার্থীগণ নিম্নবর্ণিত কাগজপত্রসহ সঠিকভাবে পূরণকৃত মনোনয়নপত্র নির্বাচন বোর্ডের নিকট দাখিল করিবেন, যথা–

(ক) নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে ঋণ খেলাপী কিনা সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত মূল প্রত্যায়নপত্র;

(খ) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করিয়াছেন কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত আয়কর, ভ্যাট রিটার্ন ও শুল্ক পরিশোধের মূল সনদপত্র।

(গ) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া কারাদণ্ডে দণ্ডিত কিনা এবং তাহার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হইয়াছে কিনা সে বিষয়ে পুলিশ ক্লিয়ারেন্সের মূল সনদ।

(ঘ) প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি।

প্রত্যেক নির্বাচন প্রার্থীকে রেজিস্ট্রেশন ফি বাবদ ৫,০০০.০০ টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফরম সংগ্রহের সময় জমা দিতে হইবে এবং পরিচালক পদের জন্য মনোনয়নপত্র ফি (প্রতিদ্বন্দ্বিতা ফি) বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকা এবং সভাপতি, উর্দ্ধতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদে মনোনয়নপত্র ফি (প্রতিদ্বন্দ্বিতা ফি) বাবদ যথাক্রমে ১০,০০০.০০(দশ হাজার), ৭,০০০.০০ (সাত হাজার) ও ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা সমিতির কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে যা অফেরৎযোগ্য।

১১. মনোনয়নপত্র বাছাই প্রার্থীদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) আগামী ১৫-৭-২০২৬ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হইবে।

১২. প্রাপ্ত মনোনয়নপত্র ও প্রার্থীগণের প্রেরিত কাগজপত্র পরীক্ষা নিরীক্ষা পূর্বক নির্বাচন বোর্ড কর্তৃক প্রাথমিক প্রার্থী তালিকা আগামী ২১-৭-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৪-০০ টায় প্রকাশিত হইবে।

১৩. মনোনয়নপত্র জমাপ্রদানকারী কোন প্রার্থীর নাম প্রাথমিক প্রার্থী তালিকায় অন্তর্ভূক্ত না হইলে বা নির্বাচন বোর্ড কোন মনোনয়নপত্র বাতিল করিলে সংশ্লিষ্ট ব্যক্তি সমিতির কার্যালয়ে আগামী ২২-৭-২০২৬ তারিখ বুধবার থেকে ২৪-৭-২০২৬ তারিখ শুক্রবার সকাল ১০:০০টা হতে বিকাল ৪-০০ টার মধ্যে লিখিতভাবে আপীল বোর্ডের কাছে আপীল করিতে পারিবেন।

১৪. প্রাথমিক প্রার্থী তালিকা সম্পর্কে যদি কোন অভিযোগ পাওয়া যায়, তবে সে ব্যাপারে নির্বাচন আপীল বোর্ড আগামী ২৭-৭-২০২৬ তারিখ সোমবার বিকাল ৪-০০ টার মধ্যে এই সমিতির কার্যালয়ে শুনানী অনুষ্ঠান সম্পন্ন করিবেন।

১৫. প্রাথমিক প্রার্থী তালিকা সম্পর্কে প্রাপ্ত অভিযোগের উপর নির্বাচন আপীল বোর্ডের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নির্বাচন বোর্ড কর্তৃক চুড়ান্ত প্রার্থী তালিকা আগামী ২৭-৭-২০২৬ তারিখ সোমবার বিকাল ৫-০০ টায় প্রকাশিত হইবে।

১৬. কোন প্রার্থী পদ প্রত্যাহার করিতে চাইলে আগামী ২৮-৭-২০২৬ তারিখ মঙ্গলবার থেকে ৩০-৭-২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১০:০০টা হতে বিকাল ৪-০০ টার মধ্যে নির্বাচন বোর্ডের নিকট উপস্থিত হইয়া নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত লিখিত আবেদন দাখিল করিতে হইবে।

১৭. পদ প্রত্যাহারের পর বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা আগামী ৩০-৭-২০২৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ৫-০০ টায় প্রকাশ করা হইবে।

১৮. আগামী ২২-৮-২০২৬ তারিখ শনিবার উক্ত নির্বাচনের শেষে ভোট গণনা করা হইবে এবং বিভিন্ন শ্রেণীতে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থীদের বেসরকারীভাবে নির্বাচিত বলে ঘোষণা করা হইবে।

১৯. ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকিলে তিনি তা আগামী ২৩-৮-২০২৬ তারিখ রবিবার থেকে ২৫-৮-২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০টা হতে বিকাল ৪-০০ টার মধ্যে আপীল ফি বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা নগদ প্রদান পূর্বক আপীল বোর্ডের কাছে সমিতির কার্যালয়ে লিখিতভাবে জানাইতে পারিবেন। নির্বাচনের ফলাফল সম্পর্কে কোন আপত্তি থাকিলে তার শুনানী আগামী ২৫-৮-২০২৬ তারিখ মঙ্গলবার থেকে ২৭-৮-২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন বোর্ড ঐ দিন চূড়ান্ত ফলাফল ঘোষণা/প্রকাশ করিবেন।

**মোঃ শাহীনুজ্জামান**
চেয়ারম্যান, নির্বাচন বোর্ড
দ্বি-বার্ষিক নির্বাচন
খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

# নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত বিধান

১. নির্বাচন তফসিল জারী করিবার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণবিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাহার প্রার্থীপদ বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে, যথাঃ-

(ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

(খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

(গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A-4 সাইজের প্রচারপত্র প্রেরণ করা যাইবে তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

(ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল-রেঁস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করিতে পারিবেন না।

(ঙ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

(চ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

(ছ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বর্হিভুতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবেন না।

(জ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকরা উপহার, উপঢৌকন প্রদান, আপ্যায়ন বা অন্য কোন মাধ্যমে কোন ভোটারকে প্রভাবিত করার চেষ্টা করিলে নির্বাচন বোর্ড উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করিতে পারিবেন।

২. এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উথাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের কাছে সাথে সাথে আপীল দায়ের করিবে। শুনানী গ্রহণ শেষে আপীল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৩. নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সংগে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করিবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনী প্রার্থী এবং কেবলমাত্র ভোটদানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কাহারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকিবে না।

৪. ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সংগে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালটপত্র নেওয়া যাইবে না।

৫. নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবলমাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পারিবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধিমোতাবেক প্রবেশ করিতে পারিবেন।

৬. কোন প্রার্থী, ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সংগে কোন প্রকার আলাপ ও প্রচারনায় লিপ্ত হইতে পারিবেন না।

৭. ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তাহার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং টিন নম্বর উল্লেখ করিতে হইবে। নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের (ছবি স্ক্যানিংসহ মেশিন রিডেবল ফটোপেপার ভোটার আইডি কার্ডের) মাধ্যমে ভোটার সনাক্ত করা হইবে। উক্ত পরিচিতি পত্র না থাকিলে ভোট প্রদান করা যাইবে না।

৮. নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।

৯. নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠু-সুন্দরভাবে সম্পাদনের লক্ষ্যে নির্বাচন বোর্ড ভোট গ্রহণের জন্য প্রয়োজনে ভোট কেন্দ্রের একাধিক স্থানে ভোট গ্রহণের ব্যবস্থা করিবেন এবং ভোট গ্রহণ শেষে উক্ত সকল স্থানে ভোট গণনা কার্যক্রম সম্পন্ন করিবেন।

১০. ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অতঃপর ভোট গননা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত যতটা সময় প্রয়োজন একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনার সময়ে উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

১১. নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালটপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। যথা ঃ-

(ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সিল না থাকিলে;

(খ) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে; এবং

(গ) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালটপত্রের নিদের্শাবলী লংঘন করিয়া পূরণকৃত ব্যালটপত্র।

(ঘ) **"✕"** চিহ্ন ব্যতীত অন্য কোন চিহ্ন ব্যবহার করিয়া ভোট প্রদান করিলে উক্ত ব্যালটপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১২. শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোটদানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করিবেন।

১৩. নির্বাচন বোর্ড সমিতির নোটিশ বোর্ডে নির্বাচনের নোটিশ ও নির্বাচন তফসিল প্রকাশ করা ছাড়াও প্রতিটি সদস্যের নিকট ডাকযোগে উক্ত নোটিশ ও তফসিল প্রেরণ করিবে।

১৪. কোন সদস্যের কাছে বিজ্ঞপ্তি ইত্যাদি পাঠাইবার ব্যাপারে দুর্ঘটনাজনিত ভুলত্রুটি অথবা বিচ্যুতি ভোট অথবা নির্বাচনকে অবৈধ করিবে না।

১৫. নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন প্রার্থীগণ নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের বাইরে কোন প্যান্ডেল করিতে চাইলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত মাপ অনুযায়ী প্রার্থীগণ উক্ত ১০০ গজের বাইরে প্যান্ডেল তৈরী করিতে পারিবেন। নির্বাচন অনুষ্ঠান উপলক্ষ্যে ভোট কেন্দ্রের বাইরে যতটুকু জায়গা ব্যবহারের অনুমতি থাকিবে নির্বাচন বোর্ড উক্ত জায়গার মধ্য হইতে প্যান্ডেল করার ব্যাপারে অনুমতি প্রদান করিবেন। নির্বাচন বোর্ডের অনুমতি ব্যতীত প্যান্ডেল তৈরী করা হইলে নির্বাচন বোর্ড তা উচ্ছেদের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা গ্রহণ করিতে পারিবেন।

১৬. নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার প্রতিনিধি অথবা তাহার সমর্থকরা খাবার সামগ্রী, খাবারের স্লিপ/টোকেন, কোন উপহার, উপঢৌকন প্রদান, আপ্যায়ন বা অন্য কোন মাধ্যমে কোন ভোটারকে প্রভাবিত করার চেষ্টা করিলে নির্বাচন বোর্ড উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করিতে পারিবেন এবং এরূপ অভিযোগ প্রমাণিত হইলে নির্বাচন বোর্ডের বিবেচনায় উক্ত প্রার্থীর পক্ষের ভোট গণ্য হইবে না।

১৭. মোবাইল, ক্যামেরা বা যে কোন ইলেকট্রনিক্স জিনিস, পার্টস্ ব্যাগ, মানিব্যাগ বা যে কোন ধরণের ব্যাগ, কোন কাগজ, কলম বা এ জাতীয় কোন জিনিস নিয়া ভোট গ্রহণ কক্ষে প্রবেশ করা যাইবে না।

**মোঃ শাহীনুজ্জামান**
চেয়ারম্যান, নির্বাচন বোর্ড
দ্বি-বার্ষিক নির্বাচন
খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি